

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 05-12-2025**

**Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) সম্পূর্ণ স্বচ্ছ ও গ্রন্থিহীন ভোটার তালিকা তৈরির স্বার্থে, নির্বাচন কমিশন এস আই আর প্রক্রিয়ার সময়সীমা আরও বাড়াতে পারে ।

রাজ্যে এস আই আর প্রক্রিয়া চলাকালীন যেসমস্ত বিএলও-র মৃত্যু হয়েছে তাদের ক্ষতিপূরণ দেওয়ার কথা বিবেচনা করছে নির্বাচন কমিশন ।

২) মূর্শিদাবাদের বেলডাঙ্গায় প্রস্তাবিত বাবরি মসজিদের শিলান্যাসকে কেন্দ্র করে কোনরকম অপ্রীতিকর ঘটনা রোধে সবরকম ব্যবস্থা নিতে রাজ্যকে নির্দেশ কলকাতা হাইকোর্টের ।

৩) সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে অবশ্যে আজ মালদা সীমান্ত হয়ে দেশে ফিরেছেন বীরভূমের বাসিন্দা সোনালী বিবি ।

৪) কেন্দ্রীয় সরকারের নির্দেশ মতো উমিদ পোর্টালে ওয়াকফ সম্পত্তি সংক্রান্ত তথ্য নথিভুক্ত করার আজ শেষ দিন হলেও আগামী তিন মাস কোন জরিমানা ছাড়াই তাতে তথ্য আপলোড করা যাবে ।

৫) কলকাতায় এবার ৫ লক্ষ কঢ়ে গীতা পাঠের আয়োজন করা হচ্ছে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সম্পূর্ণ স্বচ্ছ ও ক্রটিহীন ভোটার তালিকা তৈরির স্বার্থে নির্বাচন কমিশন, SIR-প্রক্রিয়ার সময়সীমা আরও বাড়াতে পারে বলে ইঙ্গিত মিলেছে। এসআইআরের কাজ চলা মোট ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের নিয়ে আজ এক বৈঠকে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার একথা জানিয়েছেন। SIR-এর কাজের জন্য সময়সীমা বাড়াতে হলে, সংশ্লিষ্ট রাজ্যের সিইও দণ্ডরকে নির্বাচন কমিশনের কাছে বিষয়টি সুপারিশ করতে বলা হয়েছে। নির্বাচন কমিশন তা খতিয়ে দেখে ডেডলাইন বা নির্ধারিত সময়সীমা বাড়ানোর সিদ্ধান্ত নেবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, খসড়া ভোটার তালিকায় প্রকৃত অর্থে কত ভোটদাতা মৃত হিসেবে তালিকাভুক্ত হওয়া উচিত—তা নিশ্চিত করতে বিভিন্ন সরকারি ও আধা-সরকারি উৎস থেকে তথ্য মিলিয়ে দেখা বাধ্যতামূলক বলে নির্বাচন কমিশন জানিয়েছে। সেই অনুযায়ী গ্রাম পঞ্চায়েত ও পুরসভায় নথিভুক্ত মৃত্যুর তথ্য প্রথমেই ঘাটাই করতে বলা হয়েছে। পাশাপাশি এলআইসি, ব্যাঙ্ক ও সমবায় ব্যক্তের রেকর্ডে মৃত গ্রাহকদের তথ্যও খতিয়ে দেখতে হবে।

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার আজ ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধন প্রক্রিয়ার অগ্রগতি নিয়ে ১২-টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে যে বৈঠকে বসেন। সেখানেই এই মর্মে নির্দেশ দেওয়া হয় বলে মুখ্য নির্বাচনী আধিকারিকদের দণ্ডর সূত্রে জানা গেছে।

পশ্চিমবঙ্গের তরফে এই বৈঠকে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, ছাড়াও অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস ও অরিন্দম নিয়োগী এবং উপ মুখ্য নির্বাচনী আধিকারিক সুমন্ত রায়ও উপস্থিত ছিলেন।

বৈঠকের মূল উদ্দেশ্য ছিল—চলতি বিশেষ নীবিড় সংশোধন পর্বে মৃত ভোটদাতাদের শনাক্তকরণের কাজ কর্তৃতা এগিয়েছে এবং এখনও কোথায় কোথায় গরমিল রয়েছে, তা খতিয়ে দেখা।

অন্যদিকে, মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে, এস আই আর-এর কাজ কর্তৃতা এগোল তা খতিয়ে দেখতে বুথ লেভেল আধিকারিক বিএলও-রা ১১-ই ডিসেম্বরের মধ্যে প্রতিটি বুথে বৈঠক ডাকবেন। ওই বৈঠকে বুথ লেভেল এজেন্টদের উপস্থিতি বাধ্যতামূলক। বৈঠককে গৃহীত বিভিন্ন সিদ্ধান্ত DEO ওয়েবসাইটে আপলোড করতেও বলা হয়েছে।

এন্যুমারেশনের পর প্রতিটি বুথে ভোটদাতার সংখ্যা কত দাঁড়ালো, কতগুলি ফর্ম ফেরত এসেছে, কতজন ভোটদাতার নাম খসড়া তালিকায় অঙ্গৰ্ভে হয়নি, এই সমস্ত বিষয় বৈঠকে খতিয়ে দেখা হবে।

উল্লেখ্য, ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধন কর্মসূচী এস আই আর-এর দ্বিতীয় পর্ব চালু হওয়ার পর পশ্চিমবঙ্গে চোঠা ডিসেম্বর পর্যন্ত ৯৯ দশমিক নয় পাঁচ শতাংশ এন্যুমারেশন ফর্ম বিলি করা হয়েছে। এর মধ্যে ৯৮ দশমিক আট চার শতাংশ ফর্ম-ই ডিজিটাইজ করা হয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে এস আই আর প্রক্রিয়া চলাকালীন যে সমস্ত BLO-র মৃত্যু হয়েছে, তাঁদের ক্ষতিপূরণ দেওয়ার কথা বিবেচনা করছে নির্বাচন কমিশন। তাদের ময়নাতদন্তের রিপোর্ট পাওয়ার পর বিষয়টি খতিয়ে দেখে ক্ষতিপূরণের প্রক্রিয়া শুরু করা হতে পারে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে।

এদিকে রাজ্যে বিএলওদের বকেয়া পারিশ্রমিক, আগামী সপ্তাহেই আংশিক ভাবে মিটিয়ে দেওয়া হবে বলে জানা গেছে।

এবাবদ রাজ্যের কাছে নয় কোটি টাকা চেয়েছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এস আই আর পর্ব চলাকালীন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দণ্ডে যুগ্ম মুখ্য নির্বাচনী আধিকারিকের শূন্য পদে দুই আধিকারিককে নিয়োগ করা হচ্ছে। এরা হলেন, হাওড়া পুর নিগমের কমিশনার বন্দনা পোখরিয়াল এবং অতিরিক্ত জেলাশাসক দিব্যা মুরগেশন। নির্বাচন কমিশনের তরফে আজ এক নির্দেশিকায় ওই দুই আধিকারিকের নাম অনুমোদন করা হয়। রাজ্য সরকারের দেওয়া প্যানেল থেকেই ওই দুই জনের নাম বেছে নিয়েছে নির্বাচন কমিশন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সারা রাজ্যের সঙ্গে পূর্ব বর্ধমান জেলাতেও ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধন কর্মসূচী এস আই আর-এর কাজ সুষ্ঠুভাবে এগিয়ে চলেছে। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট - তনুগ্রী)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগণার বারাসত স্টেশন চতুর থেকে প্রচুর ভোটার ও আধার কার্ড উদ্ধার হয়েছে। স্টেশনের পাশেই ভ্যাটের কাছে ভোটার, আধার কার্ড, প্যান কার্ড, সহ কয়েকটি এটিএম কার্ডও ছড়িয়ে-ছিটিয়ে পড়ে থাকতে দেখা যায়। স্থানীয় বাসিন্দারা জিআরপি-কে খবর দিলে সেগুলি উদ্ধার করেন তাঁরা। উদ্ধার হওয়া কার্ডগুলি কীভাবে সেখানে এল, তা খতিয়ে দেখা হচ্ছে। এই পরিচয়পত্র আসল না ভুয়ো সে বিষয়েও খোঁজ চালাচ্ছে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারত - বাংলাদেশ সীমান্তবর্তী নদীয়ার বানপুর থেকে বি এস এফ বিপুল পরিমাণ সোনা উদ্ধার করেছে। আন্তর্জাতিক বাজারে ঘার দাম ৫ কোটি ৪৭ লক্ষ টাটারও বেশি। সোনা পাচারের অভিযোগে গ্রেফতার করা হয়েছে এক ভারতীয় চোরাকারবারিকেও।

বিএসএফ সূত্রে জানা গেছে, গতকাল গভীর রাতে বানপুর সীমান্ত এলাকায় জওয়ানরা নজরদারি চালানোর সময় এক সন্দেহভাজন ব্যক্তিকে দেখতে পেয়ে আটক করে। তল্লাশির সময় তার কাছ থেকে উদ্ধার হয় ৩৬-টি সোনার বিক্ষুট, যার ওজন প্রায় চার হাজার ২-শো ৩৫ গ্রাম। ওই সোনা বাজেয়ান্ত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে হস্তান্তর করা হয়েছে। ধৃত চোরাকারবারিকেও তুলে দেওয়া হয়েছে পুলিশের হাতে।

oooooooooooooooooooo

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের  
সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম  
বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, হৃগলী, পূর্ব মেদিনীপুর এবং  
কলকাতা।

এ সংক্রান্ত যাবতীয় তথ্য [www.newsonair.gov.in](http://www.newsonair.gov.in) -এ পাওয়া যাবে।

আবেদন জানানোর শেষ তারিখ, ১৫ই ডিসেম্বর।

মুর্শিদাবাদের বেলডাঙ্গায় তৃণমূল কংগ্রেসের বহিস্থিত বিধায়ক ভূমায়ন কর্বীরের প্রস্তাবিত বাবরি মসজিদের শিলান্যাসকে কেন্দ্র করে যাতে কোন রকম অপ্রীতিকর ঘটনা না ঘটে তার জন্য সব ধরনের ব্যবস্থা নিতে রাজ্য সরকার, পুলিশকে নির্দেশ দিয়েছে। পুলিশ ইতিমধ্যেই বিশেষ নজরদারি দল তৈরি করে জেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ জায়গায় সশস্ত্র পুলিশ মোতায়েন করেছে। পাশাপাশি গোয়েন্দা বিভাগকেও সতর্ক থাকতে বলা হয়েছে।

উল্লেখ করা যেতে পারে আজ এই সংক্রান্ত মামলায় কলকাতা হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথী সেনের ডিভিশন

বেঞ্চ এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় অশান্তি ছড়ানো রুখতে প্রশাসনকে কড়া হাতে পরিস্থিতি মোকাবিলার নির্দেশ দিয়েছেন।

ooooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের নির্দেশে অবশ্যে আজ বাংলাদেশ থেকে দেশে ফিরলেন বীরভূমের বাসিন্দা অন্তঃসত্ত্ব সোনালি বিবি। সঙ্গে ফিরল তাঁর আট বছরের ছেলেও। সন্ধে ৭টা নাগাদ মালদহের মহদিপুর আন্তর্জাতিক বাণিজ্য কেন্দ্র দিয়ে তিনি মালদহে আসেন। তারপর তাঁকে বীরভূম ফেরানোর প্রক্রিয়া শুরু হবে।

মহদিপুরের ওপারে বাংলাদেশের চাপাই নবাবগঞ্জের শিবগঞ্জ থানার বড় সোনা মসজিদ এলাকায় ছিলেন সোনালি। সেখান থেকেই আজ তাঁদের ফেরানো হয়। নয় মাসের অন্তঃসত্ত্ব এই তরুণীকে স্বাগত জানাতে সীমান্তে হাজির হয়েছিলেন মালদহ জেলা পরিষদের সভাধিপতি লিপিকা বর্মণ ঘোষ, সহকারী সভাধিপতি এটিএম রফিকুল হোসেন। ছিলেন পুলিশ আধিকারিক, বিএসএফ এবং প্রশাসনের অন্যান্য কর্তারা।

ooooooooooooooooooooooo

কেন্দ্রীয় সরকারের নতুন নির্দেশমতো ‘উন্মিদ’ পোর্টালে ওয়াকফ সম্পত্তি সংক্রান্ত তথ্য নথিভূক্ত করার আজই শেষ দিন হলেও আগামী তিন মাস এরজন্য কোন জরিমানা বা শাস্তির সংস্থান থাকবে না বলে কেন্দ্রীয় সংখ্যালঘু বিষয়কমন্ত্রী কিরেন রিজিজু জানিয়েছেন। নতুন দিল্লিতে আজ এক সংবাদিক বৈঠকে তিনি বলেন, এখনও পর্যন্ত ১ লক্ষ ৫১ হাজারের বেশি ওয়াকফ সম্পত্তির নিবন্ধীকরণ হয়েছে। বাকি আরও কয়েক লক্ষ।

বিভিন্ন মহল থেকেই এই সময়সীমা বাড়ানোর জন্য তাঁর কাছে বারংবার আবেদন জানানো হচ্ছিল।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গে মোট ৮০ হাজার ৪৮০টি ওয়াকফ সম্পত্তির মধ্যে মাত্র ১২ শতাংশ সম্পত্তি ডিজিটালি নিবন্ধিত হয়েছে বলে রাজ্য ওয়াকফ বোর্ড সুত্রে জানা

গেছে। এজন্য মুতাওয়াল্লিদের কারিগরি দক্ষতা এবং ইংরেজি জ্ঞানের অভাবকেই দায়ী করা হয়েছে।

এদিকে, প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী উমিত পোর্টালে সম্পত্তি নথিভুক্ত করার সময়সীমা বাড়ানোর আর্জিং জানিয়ে রাষ্ট্রপতি দ্রোপদী মুর্ম ও সংখ্যালঘু বিষয়ক মন্ত্রীকে চিঠি দিয়েছেন।

ওয়াকফ আইন বলবৎ হওয়ার পর এই উমিদ পোর্টাল চালু করে যাবতীয় ওয়াকফ সম্পত্তি এতে নথিভুক্ত করতে বলা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতায় এবার মৈলক্ষ কঠে গীতা পাঠের আয়োজন করা হচ্ছে। সনাতন সংস্কৃতি সংসদের উদ্যোগে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে রবিবার ৭ ই ডিসেম্বর সকাল আটটায় বেদ পাঠের মাধ্যমে এই অনুষ্ঠানের সূচনা হবে।

কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে সনাতন সংস্কৃতি সংসদের সম্পাদক নির্ণয়ানন্দ ব্ৰহ্মচাৰী জানিয়েছেন, এৱপৰ ধৰ্মীয় ভক্তিগীতি, শোভাযাত্রার পৰ মঞ্চে গীতাকে প্ৰতিষ্ঠা ও আৱৰ্তি কৰা হবে। সাধু সন্তদেৱ প্ৰবচনেৰ পৰ সাড়ে এগাৰোটা থেকে গীতাৰ প্ৰথম, নবম ও শেষ তথা অষ্টাদশ অধ্যায় সমবেত কঠে পাঠ কৰা হবে।

### বাইট

তিনি আৱাও জানান, এবছৰ এই অনুষ্ঠানে রাজ্যপাল সিভি আনন্দ বোস উপস্থিত থেকে গীতা পাঠ কৱবেন। এই উপলক্ষে তিনটি মঞ্চ গড়ে তোলা হচ্ছে। মূল মঞ্চে প্ৰায় দেড়শো জন সাধুসন্ত উপস্থিত থাকবেন। বাকি মঞ্চগুলিতে অন্যান্য সাধু সন্তৰা থাকবেন।

নির্ণয়ানন্দ ব্ৰহ্মচাৰী জানিয়েছেন, ,এবছৰ গীতাৰ ৫হোজাৰ ১২৬তম জন্মজয়ন্তী। অনুষ্ঠানে প্ৰবেশেৰ জন্য ২৫টি পথ থাকবে এবং এবছৰ প্ৰবেশ অবাধ অনুষ্ঠানে অংশগ্ৰহণেৰ জন্য কোন নাম নথিভুক্তকৰণেৰ প্ৰয়োজন হবে না।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ঋষি অরবিন্দের ৭৬ তম প্রয়াণ দিবসে তাকে শন্দার সঙ্গে স্মরণ করা হচ্ছে। দেশকে ব্রিটিশ ওপনিবেশিক শাসনের হাত থেকে মুক্ত করতে স্বাধীনতা আন্দোলনে যোগ দিয়েছিলেন অরবিন্দ ঘোষ।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ ঋষি অরবিন্দের প্রতি শন্দা নিবেদন করেছেন। সমাজমাধ্যমের এক বার্তায় তিনি অরবিন্দকে এক অবিস্মরনীয় জ্যোতিষ্ঠ বলে উল্লেখ করেছেন। প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে ঋষি অরবিন্দের প্রতি গভীর শন্দা নিবেদন করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও ইংরেজির অধ্যাপকের কথোপকথনের প্রেক্ষিতে অবিলম্বে শিক্ষামন্ত্রীর পদত্যাগ চেয়েছে। সাংবাদিক বৈঠকে দলের স্টেট এক্সিকিউটিভ কমিটির সদস্য শঙ্কুদেব পাণ্ডা জানিয়েছেন, রাজ্যে শিক্ষামন্ত্রীর পরিবর্তন হলেও দুর্নীতির কোন পরিবর্তন হয়নি। এই ঘটনার পরেও ব্রাত্য বসু পদত্যাগ কেন করছেন না, এখনো শিক্ষা মন্ত্রীর পদে কেন রয়েছেন, যাদবপুরের উপাচার্যকে কেন সরানো হচ্ছে না এবং তার বিরুদ্ধে শৃঙ্খলাভঙ্গের অভিযোগে কেন ব্যবস্থা নেওয়া হচ্ছে না এবং

রেজিস্টার পদে সেলিম বক্র নামের শাসকদলের নেতাকে কেন আনা হচ্ছে শ্রীপাণ্ডা সে বিষয়ে প্রশ্ন তোলন।

বিষয়টি নিয়ে বিশ্ববিদ্যালয়ের আচার্য তথা রাজ্যপালের কাছে অভিযোগ জানানো হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণবঙ্গের জেলাগুলিতে তাপমাত্রা নিম্নমুখী। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের ওপরে থাকলেও উত্তরে হাওয়ায় ভর করে দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই আজ নূন্যতম তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে কম।

দক্ষিণবঙ্গে সবথেকে কম তাপমাত্রা রেকর্ড করা হয় শ্রীনিকেতনে - ১০ দশমিক ৫ ডিগ্রি , স্বাভাবিকের থেকে যা প্রায় সাড়ে তিন ডিগ্রি কম।

উত্তরবঙ্গে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় আলিপুরদুয়ারে - ১২ ডিগ্রি সেলসিয়াস। দার্জিলিং পাহাড়ি এলাকায় আজ সর্বনিম্ন তাপমাত্রা ছিল চার দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস।

উত্তরবঙ্গে আগামী এক সপ্তাহে তাপমাত্রার বিশেষ হেরফের না হলেও দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী দুই দিনে তাপমাত্রা আরও ২ ডিগ্রি পর্যন্ত কমতে পারে বলে আলিপুর আবহাওয়া দণ্ডর জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০